

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ, ইন্সটানর্গাডনে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৫৫.১৮-১১১

তারিখ: ১৯.০৬.২০১৮খ্রি:।

বিষয়: বরগুনা জেলার আমতলী উপজেলাধীন মহিষকাটা নেছারিয়া দাখিল মাদরাসায় নিয়মিত ম্যানেজিং কমিটি অথবা এডহক কমিটি না থাকা কালে ভারপ্রাপ্ত সুপার এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির (এমপিও) বিল উত্তোলন প্রসঙ্গে।

সূত্রঃ (১) মহিষকাটা নেছারিয়া দাখিল মাদরাসার স্মারক নং- এম.ডি ১৬(১)/১৮তারিখ: ০৪.০৬.২০১৮খ্রি. (১৯.০৬.২০১৮খ্রি. তারিখে প্রাপ্ত)
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭ তারিখ: ২৩.০৬.২০১৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে ভারপ্রাপ্ত সুপার, মহিষকাটা নেছারিয়া দাখিল মাদরাসা কর্তৃক প্রেরিত এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মাদরাসার ম্যানেজিং কমিটির মেয়াদ ১৮.০৬.২০১৮ খ্রি: তারিখে শেষ হয়ে যায়।

০২. মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক এডহক কমিটি গঠনের অনুমোদনের জন্য মাদরাসা শিক্ষা বোর্ডে অনলাইনে আবেদন করেছেন। আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ মাদরাসা বোর্ড কর্তৃক এডহক কমিটি গঠনের অনুমতি অদ্য পর্যন্ত দেয়া হয়নি।


০৩. এছাড়া পূর্বের ম্যানেজিং কমিটির সভাপতি মাদরাসার শিক্ষক কর্মচারীদের মে মাসের বেতন-ভাতাদি(এমপিও) এবং ঈদ-উল-ফিতর ২০১৮ এর উৎসব ভাতা বিলে প্রতিস্বাক্ষর না করায় মে মাসের এমপিও এবং ঈদ-উল-ফিতর ২০১৮ এর উৎসব ভাতা উত্তোলন সম্ভব হয়নি মর্মে জানা গেছে।

০৪. সূত্রোক্ত ২ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এবং সুপারের অবর্তমানে সহকারী সুপার(ভারপ্রাপ্ত সুপার হিসেবে,সহকারী সুপার না থাকলে জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত সুপার হিসেবে) এর স্বাক্ষরে শিক্ষকদের বেতন-ভাতাদি উত্তোলনের নিমিত্ত জেলার ক্ষেত্রে জেলা প্রশাসক / উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির (এমপিও) বিলে প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে।

০৫. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে মহিষকাটা নেছারিয়া দাখিল মাদরাসায় নিয়মিত কমিটি/ এডহক কমিটি না থাকায় মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির(এমপিও) বিল ভারপ্রাপ্ত সুপার জনাব মো: আ: মান্নান মিয়া, মহিষকাটা নেছারিয়া দাখিল মাদরাসা এর স্বাক্ষরে এবং সূত্রোক্ত ২ নং স্মারক আদেশ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, আমতলী এর প্রতিস্বাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।

০৬. এমতাবস্থায় মহিষকাটা নেছারিয়া দাখিল মাদরাসা, আমতলী, বরগুনা এর ম্যানেজিং কমিটি/এডহক কমিটি বহাল না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রের ২নং স্মারক আদেশ অনুসরণক্রমে মাদরাসার ভারপ্রাপ্ত সুপার এর স্বাক্ষরে এবং উপজেলা নির্বাহী অফিসার, আমতলী এর প্রতিস্বাক্ষরে বেতন-ভাতাদির এমপিও বিল উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা।
২. জনাব মো: আ: মান্নান মিয়া, ভারপ্রাপ্ত সুপার,
মহিষকাটা নেছারিয়া দাখিল মাদরাসা,
ডাকঘর: হাট-চুনাখালী(৮৭১০), উপজেলা: আমতলী, জেলা: বরগুনা।


19.06.18
(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আমতলী, বরগুনা।
৩. ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, আমতলী শাখা, বরগুনা।
৪. অফিস কপি।

মোঃ আবদুল মুকীত
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর